

আমি তার জারজ সন্তান
পরশপাথর

কেমন ঘটনাখানি ঘটিল শেষে,
এমন কালটি বুঝি আসিল দেশে।
চারিদিকে উঠে রব হই রই হই,
খোদার জমিনে মোরা এ ক্যামনে সই।
ব্যটায় কি লাজ শরম কিছুই না পায়,
তলাক দিয়াছে বিবি ফের ক্যানে চায়?

জোর কণ্ঠে তুলে রাগ হাঁকে চেয়ারম্যান,
বিচার করিব আমি কথা এত ক্যান।
পিছনের কাতারে তোমরা যাহারা জানো,
ব্যটারে এবার ধরে সন্মুখে আনো।
কাঁপিয়া হাঁটিয়া ব্যাটা ভয়ে আর ত্রাসে,
মাথা নিচু করে লাজে সন্মুখে আসে।

মিঞা কথা বল সাফ-
তোমার বিবির বল কি আছিল পাপ?

বেলা শ্যাষে ফিইরা আমি ক্ষুধায় ম'রি যাই,
পাতিল মেলিয়া দেখি খাওনের কিছু নাই।
রাগে মাথা জ্বলে-পুড়ে, খুঁইজ্যা দেখি তারে,
পড়িয়া ঘুমায় বিবি সংসার ছারে খারে।
কহিছে ফুঁপিয়া ব্যাটায় হুঁ হুঁ কইরা কাঁদি,
সবই যে হইল শ্যাষ মোর ভুলের লাগি।
আমি তারে ঘরে নিমু ভুইল্যা যামু সব,
কহিতে গেলে ব্যাটা উঠে কলরব।

মেস্ভার চ্যাঁচাইয়া কহে রাখিয়া ফ্রন্দন,
সমস্ত বৃত্তান্ত আগে করনা বর্ণন।

রাগের মাথায় পাগল আমি সব কিছু ভুলি,
তালাক, তালাক হজুর তালাক মুখে তুলি।

নাউজুবিল্লা, ছি ছি, দ্যাখ কারবারখান,
বেটিরে এবার তোরা ধইরা দেখি আন।
হই হই, রই রবে ছুইট্যা সবে যায়,
আলু থালু বেশে নারী সন্মুখে দাঁড়ায়।

মুরুব্বী নারীর হয়ে করেন সুপারিশ,
তোর কোনও কথা থাকে কহিতে পারিস।
টানিয়া আনিয়া জোর নারী কহে ধীরে,
বাপের বাড়িতে আমি চলি যামু ফিরে।

লাজে এবার চেয়ারম্যান সাহেব শরমে মরে,
ছেনাল মাগীর বিচারখানি করে কেমন করে।
আমার কাছে শোনেন সবাই নাই ঠাই তার,
ঈমাম সাহেব পারেন যদি করিবেন বিচার।

চুপেচাপে ঈমাম শোনেন যতরকম কিসসা,
নিঃশ্বাস ছাড়িয়া কহে উপরওয়ালার ইচ্ছা।
সেদিন কি জবাব দিমু বল তাহার কাছে,
সকলে থাম শোনও উপায় একখান আছে।
ঈমাম ভাবিয়া কহেন বলছেন আল্লাহপাকে,
শুনিতে গাঁয়ের লোক চুপ করিয়া থাকে।
এমনে চলিলে জাহান যাবে ছারেখারে,
হিল্লা বিয়া দেওন লাগব ব্যাটা চাইলে তারে।

বিচার শুনিয়া নারী কাঁপি কাঁপি ওঠে,

সাহস টানিয়া জোরে আনে নিজ ঠোঁটে।
তালাক দিয়াছে মোরে দোষতো মোর নাই,
তাহার দোষেতে ক্যানে আমি সাজা পাই?

চেয়ারম্যান সাহেব কহেন এবার বেশরম মাগী,
এত দেমাগ তোর শুনি কোন নাংগের লাগি?
ঈমাম সাবের মুখের উপর কথার উত্তর দিস,
চইদ মরদ ছাড়া কি তোর মেটেনারে বিষ।

নিজের দাপটে ঈমাম খুকখুক ক'রে কাশে,
বেহেশ্ত চোখের সামনে চকচক ক'রে ভাসে।
উচিৎ বিচার হইছে সবাই মিলায় হাতে হাত,
হিল্লা বিয়া হইব মাগীর কাটাইবো সে রাত।
নারী এবার গভীর চিন্তায় ভাবে ব'সি ব'সি,
পুরুষের পাপে আমি নারী ক্যানে দোষী?
তালাক দিয়াছে মোরে দোষতো তারই সব,
আমি ক্যানে রাত কাটামু পর পুরুষের লগ?
নিজমনে প্রশ্ন জাগে বাড়ে নারীর জ্বালা,
কোন ধর্মের কোন কিতাবে করছে এই ফয়সালা?

বিচার হয়েছে খুব দ্যাখে জনে জনে,
নতুন ঘরে নারী এবার নতুন পুরুষ সনে।
পরিহাসে ধীর লয়ে হয় দিন পার,
উপহাস করে আসে রাতের আঁধার।
আঁধারে নেমে আসে যমকালো হাত,
আঁধার কালো সেই কাল নিশিরাতে।
ধুলোতে মিশে নারী মিশে যায় মান,
ঘৃণায় গ্লানিতে ভরা সেই অপমান।
সাক্ষ্য দিতেই আজ দেহে ধরে প্রাণ,
আমি সেই রাতের এক জারজ সন্তান।

Poroshpathor81@yahoo.com
April 07, 2008